

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:18-04-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Election-1st phase :

অষ্টাদশ লোকসভা নির্বাচনে প্রথম দফার ভোটের সরব প্রচার গতকাল শেষ হয়েছে। আগামীকাল প্রথম দফার নির্বাচনে লোকসভার মোট পাঁচশ তেতাল্লিশটি আসনের মধ্যে ত্রিপুরার একটি সহ একুশটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ১০২টি আসনে ভোট গ্রহণ করা হবে।

Election-West Tripura & Ramnagar :

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচন ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের সরব প্রচার গতকাল বিকেল পাঁচটায় শেষ হয়েছে। ভোট গ্রহণ করা হবে আগামীকাল। ভোট কর্মীরা কড়া নিরাপত্তায় ভোট সামগ্রী নিয়ে আজ সকাল থেকেই ভোট কেন্দ্রের উদ্দেশ্যে রওনা হবেন। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে মোট ভোটার রয়েছেন ১৪ লক্ষ ৬৩ হাজার ৫২৬ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৭ লক্ষ ২৫ হাজার ১৩৩ জন ও মহিলা ভোটার ৭ লক্ষ ২৯ হাজার ৩৩৭ জন। মোট ১৬৮৫টি ভোটকেন্দ্রে ভোট গ্রহণ করা হবে। এর মধ্যে শহর এলাকায় ভোট কেন্দ্র রয়েছে ৫৪৭টি এবং গ্রামীণ এলাকায় ভোটকেন্দ্রের সংখ্যা ১ হাজার ১৩৮টি। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন নয়জন প্রার্থী। তারা হলেন বিজেপির বিপ্লব কুমার দেব, ইন্ডিয়া জোট

সমর্থিত কংগ্রেসের আশিস কুমার সাহা, রিপাবলিকান পার্টি অফ ইন্ডিয়া-(এ)র আইনজীবী অর্ণব রায়, এস ইউ সি আই (সি) র অরুণ ভৌমিক, নির্দল প্রার্থী গৌরী শংকর নন্দী, নির্দল প্রার্থী মিলন পদ মুড়া সিং, রমেন্দ্র রিয়াং, বলরাম দেববর্মা ও ব্রজলাল দেবনাথ। রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন বিজেপি প্রার্থী দীপক মজুমদার ও ইন্ডিয়া জোট সমর্থিত সিপিআইএম প্রার্থী রতন দাস। রাজ্যে প্রথম দফার নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাজ্য নির্বাচন দপ্তরের পক্ষ থেকে প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

Narendra Modi in Agartala :

বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল দলের হয়ে রাজ্যে প্রচারে আসেন। আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে এক জনসভায় তিনি বলেন, কংগ্রেস শাসনকালে উত্তর পূর্বাঞ্চলের উন্নতি হয়নি। NDA সরকার উত্তর পূর্বাঞ্চলের উন্নয়নে সর্বাধিক গুরুত্ব দিয়েছে বলে উল্লেখ করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, আড়াই লক্ষ কৃষকের ব্যাংক একাউন্টে সরাসরি টাকা পৌঁছে দেওয়া হচ্ছে। ঘরে ঘরে জল পৌঁছে দেওয়া হচ্ছে, একলব্য স্কুল তৈরি করে দিয়েছে বিজেপি সরকার। সারা দেশে তিন কোটি ঘর নির্মাণ করা হয়েছে। তিনি বলেন, ত্রিপুরা রাজ্যের ৭০ উর্ধ্ব প্রত্যেক নাগরিককে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা দেবে বিজেপি সরকার।

সভায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, ২০২৪ এর লোকসভা নির্বাচন হচ্ছে রাষ্ট্র নির্মাণের নির্বাচন।

ভোট আহ্বান :

২০২৪ সালের লোকসভা নির্বাচনের ভোট গ্রহণের আর কিছু ঘন্টা বাকি। নির্বাচন কমিশন এই ভোট প্রদান পর্বকে মহোৎসবে পরিণত করার জন্য সকল ভোটারদের প্রতি সাগ্রহে ভোট প্রদানের আহ্বান রেখেছে। এজন্য নির্বাচন কমিশন মহিলা, প্রবীন ও দিব্যাঙ্গজন সহ সকল ভোটারদের জন্য ভোট গ্রহণ কেন্দ্রে সব রকম সু বন্দোবস্ত করেছে। আকাশবাণীকে একথা জানিয়ে অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক শুভাশীষ বন্দোপাধ্যায় বলেন,

#####Byte-1 (শুভাশীষ ব্যানার্জি)

#####

এছাড়া, প্রচন্ড দাবদেহের কথা মাথায় রেখে ব্যবস্থাপনা নিয়ে পশ্চিম ত্রিপুরা কেন্দ্রের রিটার্নিং অফিসার তথা জেলাশাসক ডক্টর বিশাল কুমার বলেন,

#####Byte-2 (ডক্টর বিশাল কুমার)

#####

Election Force :

রাজ্য পুলিশের নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত নোডাল অফিসার এ.ডি.জি জি এস রাও আকাশবাণীকে জানান রাজ্যে প্রথম পর্যায়ের ভোট গ্রহণ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে পশ্চিম ত্রিপুরা লোকসভা আসন এলাকায় ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। রাজ্য পুলিশ ও অন্যান্য সশস্ত্র নিরাপত্তা বাহিনী মিলিয়ে

মোট ১৪ হাজার নিরাপত্তা কর্মী মোতায়েন করা হয়েছে। এরমধ্যে রয়েছে ৮৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এবং ১৫ কোম্পানি টিএসআর। তিনি জানান, প্রতিটি ভোট কেন্দ্রে কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী এবং ভোট কেন্দ্রের বাইরে টিএসআর জওয়ান মোতায়েন থাকবে। এ.ডি.জি শ্রী রাও জানান, সারা রাজ্যে মোট চারশ উনচল্লিশ জন পুলিশ সেক্টর অফিসার নিয়োগ করা হয়েছে। এর পাশাপাশি সমপরিমাণে রয়েছে সিভিল সেক্টর অফিসার। ভোট গ্রহণ চলাকালে প্রতিটি থানায় রিজার্ভ ফোর্স থাকবে। ভোটাররা যাতে নির্বিঘ্নে ভোটাধিকার প্রয়োগ করতে পারেন তার জন্য পুলিশের পক্ষ থেকেও প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ অংশত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। ৪৫ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়ার সতর্কতা জারি করা হয়েছে। আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি। ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমাণ ৩১.৪ মিলিমিটার।
